

# জাহাঙ্গীরনগরে ঈদের আগেই অছাত্রদের হল ছাড়ার নির্দেশ

অনলাইন ডেস্ক

০৯ মার্চ, ২০২৫  
১৮:১৯

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

ছাত্রত্ব শেষ হয়ে যাওয়া শিক্ষার্থীদের আসন্ন ঈদুল ফিতরের আগেই আবাসিক হল ছাড়ার নির্দেশ দিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশাসন।

আজ রবিবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. এ বি এম আজিজুর রহমান স্বাক্ষরিত অফিস আদেশে এ কথা বলা হয়।

এতে বলা হয়, গত বছরের ৬ ফেব্রুয়ারি ও ১৮ অক্টোবর প্রচারিত অফিস আদেশের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে অবস্থানকারী যেসকল শিক্ষার্থীর পরীক্ষা সমাপ্ত হয়েছে তাদেরকে হল ত্যাগ করার জন্য অনুরোধ করা হয়।

ওই অফিস আদেশগুলোর ফলে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে অবস্থানকারী যেসকল শিক্ষার্থী হল ত্যাগ করেছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেছে।

বর্তমান পরিস্থিতিতে গত ২ মার্চ অনুষ্ঠিত প্রভোস্ট কমিটির সভার সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী, আসন্ন জাকসু ও হল সংসদ নির্বাচন-২০২৫ সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে অবস্থানকারী যেসকল শিক্ষার্থীর ইতোমধ্যে স্নাতকোত্তর পরীক্ষা সম্পন্ন হয়েছে তাদেরকে স্ব-স্ব হল ত্যাগ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য, শিক্ষার্থীরা ঈদুল ফিতরের ছুটির পূর্বেই হল ত্যাগ না করলে ছুটির পর হল প্রশাসন সংশ্লিষ্ট শিক্ষার্থীদের হল ত্যাগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

